পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭৩০/শা-২(ক)/প.

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২
১৭ জুলাই ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষা বর্ষের পূর্বে) গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ বিশেষ (**পুরাতন সিলেবাস অর্থাৎ ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থীদের জন্য**) পরীক্ষার ফরমপূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরমপূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো:

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২০০/- | অনলাইনে আবেদনের শুরু তারিখ- ২০-০৭-২০২৫<br>শেষ তারিখ- ৩০-০৭-২০২৫<br>কলেজ কর্তৃক ভেরিফিকেশনের শেষ তারিখ- ৩১-০৭-২০২৫ | ০৩/০৮/২০২৫ |
| ০২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | |
| ০৪ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে<br>১। কলেজের অংশ-৩০০/-<br>২। কেন্দ্রের অংশ-৪৫০/- | ৭৫০/- | | |
| ০৫ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি'র অতিরিক্ত)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- | | |

বি: দ্র: **পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর আর কোন ফরম গ্রহণ করা হবে না।**

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd/formfillup.php) **Formfilup** বাটনে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে (পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী অনুযায়ী) অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে। সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

CamScanner

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৯/০৭/২০২৫ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

## পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২২ সনের ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় যারা অনিয়মিত হিসেবে ১ম বারের মত অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২৩ সালের তৃতীয় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। **এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে (C বা D) মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। উল্লেখ্য যে, মৌখিক, ব্যবহারিক, ইনকোর্স পরীক্ষার গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।**

### বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

**২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬** সনের যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৪র্থ বর্ষে অংশগ্রহণ করেছে কিন্তু ৩য় বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। **তবে উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

**## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##**

### ফি জমাদানের পদ্ধতি:

২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ “Seven College Student fees” **শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ “CONTROLLER OF EXAMINATIONS” শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী) 17 JUL 2025
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

17.07.2025

CamScanner